

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ০১

জানুয়ারী ১৭, ২০১০
তারিখ :-----
মাঘ ০৪, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক

প্রিয় মহোদয়,

কৃষকের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

অর্থনৈতিক কর্মকাণ্ডে কৃষকের গুরুত্বপূর্ণ ভূমিকা বিবেচনায় কৃষকের অনুকূলে ব্যাংকিং সেবা/সহায়তা বৃদ্ধি ও সহজীকরণ করা আবশ্যিক। বিশেষত কৃষি কর্মকাণ্ডে সরকারী সহায়তার অংশ হিসেবে সরকার প্রদত্ত বিভিন্ন ভর্তুকী ব্যাংকের মাধ্যমে সহজে প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন কার্ড ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত কৃষি উপকরণ সহায়তা কার্ড এর বিপরীতে যেকোন কৃষক ব্যাংকে আমানত হিসাব খুলতে পারবে। এরূপ হিসাব নগদ ১০/- টাকা জমা গ্রহণপূর্বক খোলা যাবে। উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার কোন বাধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং এ সকল হিসাব হতে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

অর্থনৈতিক কর্মকাণ্ডে কৃষকের যথাযথ অবদান রাখার সুযোগ সৃষ্টির লক্ষ্যে সর্বোত্তম ব্যাংকিং সেবা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫